



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING/ MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**9 AUGUST 2024**

**7:35 AM IST**

আসাম ও মিজোরামের মধ্যের দীর্ঘদিনের সীমা সমস্যা সমাধানের জন্যে আজ উভয় রাজ্যের মধ্যে মন্ত্রি পর্যায়ে বৈঠক অনুষ্ঠিত হবে। মিজোরামের গৃহ বিভাগ থেকে জানানো হয়েছে যে- আজ বিকেলে আইজলের রাজ্য অতিথিশালায় এই বৈঠক অনুষ্ঠিত হবে। আসামের সীমা সুরক্ষা এবং উন্নয়ন মন্ত্রী অতুল বরা নেতৃত্ব প্রদান করবেন। এদিকে মিজোরামের দলটির নেতৃত্ব দেবেন সেই রাজ্যের গৃহমন্ত্রী কে সাপডাঙ্গা। উভয় রাজ্যের মন্ত্রীরা বৈঠকের পরে একটি সাংবাদিক সম্মেলনে অংশ নেবেন। উল্লেখ্য- মুখ্যমন্ত্রী লালডোমহা'র নেতৃত্বাধীন জোরাম পিপলস মুভমেন্ট দল ক্ষমতায় আসার পর এটি হচ্ছে আসাম ও মিজোরামের মধ্যে সীমা সংক্রান্ত প্রথম বৈঠক।

আসাম পুলিশ বাংলাদেশের বর্তমান পরিস্থিতির উপর নজর রাখছে। রাজ্যের ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করা হয়েছে এবং সীমান্ত সুরক্ষা বাহিনীও সব ধরনের নাশকতা মূলক কাজকর্ম প্রতিহত করতে সক্রিয় রয়েছে। এছাড়া বাংলাদেশ থেকে যাতে কোনো ব্যক্তি অবৈধভাবে ভারতে প্রবেশ করতে না পারে, সেজন্য আসাম পুলিশ কড়া নজরদারি রেখেছে বলে উল্লেখ করে আসাম পুলিশের সঞ্চালক প্রধান জি পি সিং বলেন যে- কাছাড়, করিমগঞ্জ, ধুবড়ী, দক্ষিণ শালমাড়া, মানকাচর সীমান্তবর্তী জেলার পুলিশ সুপারদের অধিক সক্রিয় থাকতে বলা হয়েছে।

উল্লেখ্য আসাম পুলিশের সঞ্চালক প্রধান জি পি সিং গতকাল তিনসুকিয়ায় রাজ্যের আইন শৃঙ্খলা সম্পর্কিত একটি পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করেন। বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে শ্রী সিং জানান যে- আলফা-স্বাধীনকে আসামে প্রবেশ করতে বাধা প্রদানের জন্যে নিরাপত্তা রক্ষীরা প্রস্তুত রয়েছে। আলফা রাজ্যে নাশকতামূলক

কাজ সংগঠিত করলে আসাম পুলিশ আরো বেশি সক্রিয়তার সঙ্গে আলফা-বিরোধী অভিযান চালাবে ।

---

রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা অল্প কিছুক্ষন আগে এক টুইটে জানিয়েছেন যে এ মাসের অরুনোদয়ের অর্থ ১২ই অগাষ্ট প্রদান করা হবে । টুইটে মুখ্যমন্ত্রী জানান যে ১০ই অগাষ্ট দ্বিতীয় শনিবার ও ১১ অগাষ্ট রবিবার থাকায় অরুনোদয়ের অর্থ ১২ই অগাষ্ট প্রদান করা হবে ।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা গতকাল শিলচর গুরুচরন কলেজে মুখ্যমন্ত্রী নিযুত ময়না প্রকল্পের উদ্বোধন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত শ্রী ঝা বলেন যে এই প্রকল্প শুধুমাত্র ছাত্রীদের আর্থিক সাহায্য প্রদান করাই নয় , এই প্রকল্পের মাধ্যমে আগামী দিনের মহিলাদের সাবলম্বী করার প্রাথমিক পদক্ষেপ শুরু হয়েছে । অনুষ্ঠানে বিধায়ক দীপায়ন চক্রবর্তী বলেন যে মুখ্যমন্ত্রী নিযুত ময়না প্রকল্পের মাধ্যমে এখন থেকে আর্থিক দিক থেকে দুর্বল ছাত্রীরা তাদের পড়াশুনা চালিয়ে যেতে পারবে । উল্লেখ্য কাছাড় জেলার ৩৩টি শিক্ষা প্রতিষ্ঠানে এই প্রকল্পের সূচনা হয়েছে ।

---

করিমগঞ্জ জেলার পাথারকান্দির বিধায়ক কৃষ্ণেন্দু পাল গতকাল সোনাখিরা স্বামী বিবেকানন্দ কলেজে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী নিযুত ময়না প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করেন । অনুষ্ঠানে গুয়াহাটীতে রাজ্য পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানের সরসরি সম্প্রচার করা হয় ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম গতকাল হাইলাকান্দির এস এস কলেজে মুখ্যমন্ত্রী নিযুত ময়না প্রকল্পের উদ্বোধন করেন । জেলা আয়ুক্ত শ্রী গৌতম আনুষ্ঠানিকভাবে ১০ জন ছাত্রীর হাতে নিযুত ময়না প্রকল্পের প্রপত্র তুলে দিয়েছেন ।

আগামী ১৪ই অগাষ্ট থেকে হাইলাকান্দি জেলায় এই প্রকল্পের প্রপত্র বিতরণ করা হবে । গতকাল এস এস কলেজ সহ জেলার ৫৬টি শিক্ষা প্রতিষ্ঠানে গুয়াহাটীতে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করে দেখানো হয় ।

অনুষ্ঠানে কলেজ অধ্যক্ষ হিলাল উদ্দিন লস্কর , অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিব রায় প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

শিলচর সিভিল হাসপাতাল আধুনিকীকরণ দাবী কমিটির পক্ষ থেকে গতকাল কাছাড় জেলার স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর আশুতোস কুমার বর্মনের সঙ্গে সাক্ষাৎ করে সিভিল হাসপাতালের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করা হয়েছে । আলোচনাকালে যুগ্ম সঞ্চালক ডক্টর বর্মন জানান যে ১৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মানের কাজ খুব সম্ভবত অক্টোবর বা নভেম্বর মাসে শুরু হবে । প্রতিনিধি দলে দাবী কমিটির মূখ্য আহ্বায়ক কমল চক্রবর্তী , সুরজিৎ সোম , অমিতাভ দে প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের জল সম্পদ বিভাগ সূত্রে জানানো হয়েছে যে আজ সকাল সাতটায় শিলচর অন্নপূর্ণাঘাটে বরাক নদীর জল বিপদ সীমার ২৬ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । এখানে জল সকাল ছটা থেকে স্থিতাবস্থায় রয়েছে ।

---

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজম্যানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় বাঘখাল এফ সি খেলবে ভাগার বাম ডেভোলাপমেন্ট ক্লাবের বিরুদ্ধে ।

ধলাই-র বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় জামালপুর এফ সি দল ৬-০ গোলের ব্যবধানে ইলেভেন ব্রাদার্স এফ সি দলকে পরাজিত করে ।

---

---